দৈনিক সংবাদ

52

তারিখ ... 21 MAR 1990
পৃষ্ঠা... ১ ...কলাম ... ১

# উপাচার্য আবদুল মান্নান পদত্যাগ করছেন

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান পদত্যাগ করার সিদ্ধান্ত নিয়েছেন।

রাষ্ট্রপতি এরশাদ এবং আটরশির পীরের সাথে আলোচনার পর গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের প্রাধ্যক্ষদের এক সভায় তিনি তার এ সিদ্ধান্তের কথা জানান। রাষ্ট্রপতি ইতালী সফর শেষে ফিরে আসার পর ব্যাপারটি চূড়ান্ত হবে বলে একাধিক নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।

এসব সূত্রে জানা গেছে, আটরশি পীরের মুরিদ অধ্যাপক মান্নান গত সোমবার সকালে আটরশি যান। সেখান থেকে

(৭-এর পাতায় দেখুন)

## উপাচার্য মান্নান

(১ম পাতার পর)

ফেরার পর রাতে রাষ্ট্রপতি ইতালী যাবার আগে দু'জনের সাথে কথা হয়। উপাচার্যের পদত্যাগের ব্যাপারে রাষ্ট্রপতির সম্মতি আছে বলেও জানা গেছে।

গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত প্রাধ্যক্ষদের সভায় উপাচার্য জানান তিনি পদত্যাগ করার সিদ্ধান্ত নিয়েছেন। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে এ সময় কয়েকজন প্রাধ্যক্ষ উপাচার্যকে তার মেয়াদ পর্যন্ত থাকতে অনুরোধ করেন। এর জবাবে বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্যদের ছবি দেখিয়ে অধ্যাপক মান্নান বলেন, এরা কেউই তাদের মেয়াদ পূর্ণ করে যেতে